

**রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রম**

**হৃদযন্ত্রে সফল অস্ত্রোপচারে সম্পূর্ণ সুস্থ পাঁচ বছরের আমিনা বেগম**



রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমে সম্পূর্ণ বিনামূল্যে সফল অস্ত্রোপচারের মাধ্যমে সম্পূর্ণ সুস্থ হয়েছে পাঁচ বছরের আমিনা বেগম। উনকোটি জেলার কৈলাশহর মহকুমার ইয়াজেখাওড়া এলাকার বাসিন্দা সলমান মিঞা পাঁচ বছরের কন্যা আমিনা বেগম জন্ম থেকে দুর্বল ছিল ও সে শ্বাসকষ্টজনিত সমস্যায় ভুগছিল। বাবুর বাজার অঙ্গনওয়াড়ি কেন্দ্রে গত ৬ মে, ২০২৪ উনকোটি জেলা হাসপাতালের রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের চিকিৎসক ডাঃ পাপিয়া সিনহা ও ডাঃ সৈকত দেব, ফার্মাসিস্ট স্বপন দাস ও এএনএম প্রিয়ালি দেব এক স্ক্রিনিং কর্মসূচিতে আমিনা বেগম এর হৃদযন্ত্রের সমস্যার ব্যাপারে আঁচ করেন। রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের চিকিৎসক তখন শিশুটির অভিভাবককে উন্নত চিকিৎসার জন্য বলেন। কিন্তু আর্থিক অবস্থা ভালো না থাকায় উন্নত চিকিৎসার খরচ বহন করা তার পিতার পক্ষে সম্ভব ছিল না। তখন রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমে সম্পূর্ণ বিনামূল্যে উন্নত চিকিৎসার জন্য শিশুটিকে আগরতলায় আইজিএম হাসপাতালে রেফার করেন। আইজিএম হাসপাতালের বিশেষজ্ঞ চিকিৎসক ডাঃ গোপা চ্যাটার্জী আমিনা বেগম-এর হৃদযন্ত্রে ইকোকার্ডিওগ্রাফি করেন। আর এই রিপোর্টের ভিত্তিতেই চিকিৎসক জানান যে শিশুটির হৃদযন্ত্রের সমস্যা রয়েছে। এরপর গত ৩ সেপ্টেম্বর, ২০২৪ উনকোটি জেলা হাসপাতালের রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের উদ্যোগে সম্পূর্ণ বিনামূল্যে চেন্নাইয়ে এপোলো চিলড্রেন হাসপাতালে আমিনা বেগমকে পাঠানো হয়। গত ২৪ সেপ্টেম্বর, ২০২৪ এপোলো চিলড্রেন হাসপাতালের হৃদরোগ বিশেষজ্ঞ চিকিৎসকদের তত্ত্বাবধানে শিশুটির হৃদযন্ত্রে সফলভাবে অস্ত্রপ্রচার করা হয় এবং পরদিনই (২৫ সেপ্টেম্বর, ২০২৪) তাকে হাসপাতাল থেকে ছুটি দিয়ে দেওয়া হয়। আর এই অস্ত্রপ্রচারের ফলেই আমিনা বেগম সুস্থ হয়ে উঠে ও এর কয়েকদিন পর সে রাজ্যে ফিরে আসে। রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের এই উদ্যোগে আমিনা বেগম সুস্থ হয়ে উঠায় তার পিতা সলমান মিঞা ও পরিবার পরিজনেরা উনকোটি জেলা হাসপাতালের রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের চিকিৎসক সহ সমস্ত স্বাস্থ্যকর্মীদের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেছেন। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তরের ভারপ্রাপ্ত অধিকর্তা এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।